

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
প্রশাসন শাখা-২
www.sid.gov.bd

নং-৫২.০০৬.০২৮.০০.০০.১৩৫.২০০২ (অংশ-৩)-২১৩

২৭ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ
তারিখ: -----
১০ এপ্রিল ২০১৬ খ্রি.

নিয়োগ আদেশ


পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়-এর বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্যয়ন এবং জেলা প্রশাসক কর্তৃক প্রার্থীর সম্পর্ক যাচাই ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের রাজস্ব খাতভুক্ত ক্যাশিয়ার (মুক্তিযোদ্ধা কোটায়) এর স্থায়ী শূন্য পদে নিয়োগ ০১ (এক) জন-কে জাতীয় বেতনস্কেল ২০১৫-এর ১০২০০/- টাকা বেতনক্রমে (গ্রেড ১৪) কতিপয় শর্তে অস্থায়ী ভিত্তিতে শিক্ষানবীশ হিসাবে নিয়োগ করা হলো:

রোল নম্বর	নাম/পিতা/স্বামী/মাতার নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
০১	জনাব মো. আবুল কাশেম ভূঞা পিতা: মো. মোবারক হোসেন ভূঞা মাতা: রুবী খাতুন	গ্রাম: রায়পুর, ইউনিয়ন: ইলিয়টগঞ্জ উত্তর, পোস্টকোড: ৩৫১৯, উপজেলা: দাউদকান্দি, জেলা: কুমিল্লা।	বাসা ও সড়ক: ১০২ মুন্ডা, ডাকঘর: উত্তরখান, পোস্ট কোড: ১২৩০ জেলা: ঢাকা।

শর্তাবলী:

- চাকুরীতে যোগদানের সময় শারীরিক সুস্থতার পক্ষে সিভিল সার্জন-এর নিকট হতে সনদপত্র দাখিল করতে হবে।
- এই নিয়োগ চাকুরীতে যোগদানের তারিখ হতে কার্যকর হবে এবং চাকুরীতে যোগদানের পর যথারীতি প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ এই নিয়োগ বাতিল করতে পারবে।
- কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকলে অথবা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকলে এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- এই নিয়োগ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই এইরূপ ক্ষেত্রে চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা চাকুরী নিয়ন্ত্রিত হবে।
- এই চাকুরীতে যোগদানের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- মুক্তিযোদ্ধা সনদ যাছাইয়ের শর্তানুসারে প্রার্থীকে যোগদান পত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকার স্ট্যাম্প এই মর্মে অঙ্গীকার করতে হবে যে, চূড়ান্ত যাছাইয়ে মুক্তিযোদ্ধা সম্পর্কে বিরূপ কোন তথ্য পাওয়া গেলে তিনি গৃহীত সমুদয় সুবিধাদি প্রত্যর্পণ করতে বাধ্য থাকবেন।
- উল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০৩/০৫/২০১৬ খ্রি. তারিখের মধ্যে যুগ্মসচিব, (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ই-২৭/এ, আগারগাঁ, ঢাকা এর নিকট যোগদানপত্র দাখিল করার জন্য অনুরোধ জানানো হলো। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে চাকুরীতে যোগদান করতে ইচ্ছুক নয় মর্মে গণ্য করা হবে এবং উক্ত তারিখের পর কোনক্রমেই যোগদানপত্র গ্রহণ করা হবে না।

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হলো।


ডা. কাজী মোস্তফা সারোয়ার
যুগ্মসচিব (প্রশাসন)


চলমান পাতা-২

নং-৫২.০০৬.০২৮.০০.০০.১৩৫.২০০২ (অংশ-৩)-২১৩

২৭ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ
তারিখ: -----
১০ এপ্রিল ২০১৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহনপুল ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, কুমিল্লা জেলা।
- ৪। সিভিল সার্জন ঢাকা/কুমিল্লা।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁ, ঢাকা।
- ৭। সহকারী প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৮। হিসাব শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁ, ঢাকা।
- ৯। জনাব মো. আবুল কাশেম ভূঞা, রোল ০১।
- ১০। ব্যক্তিগত নথি/গার্ড নথি/অফিস কপি।


মো. আব্দুল ওয়াদুদ
সিনিয়র সহকারী সচিব
☎ -৮১৮১৩১৫